

তত্ত্বাবধায়কের কার্যালয়

# সোহরাওয়ার্দী ছাত্রাবাস (নিউ হোস্টেল)

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, লাকসাম রোড, টমছম ব্রীজ, কুমিল্লা।

সূত্রঃ নিহো/২০২৩/০১

তারিখঃ ২৯/০১/২০২৩

## ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের সোহরাওয়ার্দী ছাত্রাবাস (নিউ হোস্টেল) এর ৪০ (চল্লিশটি) শূণ্য আসন পূরণের জন্য ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে নতুন ভর্তিকৃত একাদশ শ্রেণির ছাত্রদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহী ছাত্রদেরকে ফরমের মূল্য বাবদ নগদ ২০০/- (দুইশত) টাকা পরিশোধ পূর্বক নিম্নে উল্লিখিত তারিখ ও সময় অনুযায়ী হোস্টেল তত্ত্বাবধায়কের অফিস থেকে ফরম সংগ্রহ ও জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিবরণ	তারিখ	সময়
ফরম সংগ্রহ ও জমাদান	০১/০২/২০২৩ থেকে ০৭/০২/২০২৩	সকাল ১০:০০ টা থেকে সন্ধ্যা ৬:০০ টা
আবেদনপত্র বাছাই ও সাক্ষাৎকার গ্রহণ	০৮/০২/২০২৩	বিকাল ৩:০০ টা থেকে
নির্বাচিত ছাত্রদের তালিকা প্রকাশ	০৯/০২/২০২৩	সকাল ১০:০০ টা
ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরন	০৯/০২/২০২৩ থেকে ১১/০২/২০২৩	সকাল ১০:০০ টা থেকে সন্ধ্যা ৬:০০ টা
ছাত্রাবাসে বরাদ্দকৃত কক্ষে আবাসন	১১/০২/২০২৩	সকাল ১০:০০ টা থেকে

### আবেদন ফরম সংগ্রহের শর্তাবলীঃ

- কলেজের নতুন ভর্তিকৃত একাদশ শ্রেণির ছাত্ররাই কেবল আবেদন করতে হবে।
- কলেজের ২০ (বিশ) কিলোমিটারের মধ্যে বসবাসকারী ছাত্রদের আবেদন গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্র জমাদানের সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ
  - এস.এস.সি. এর নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।
  - স্থানীয় ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের মূল কপি।
  - কলেজে ভর্তি রশিদের ফটোকপি।
  - অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
  - দুই কপি পাসপোর্ট সাইজের ছবি।

বি.দ্র. ভুল তথ্য সম্বলিত বা অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

  
অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

  
তত্ত্বাবধায়ক

সোহরাওয়ার্দী ছাত্রাবাস  
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ